

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date: 16-09-2025

**Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN**

Headlines :

- (১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল, 'সুস্থ নারী, সশক্ত পরিবার' অভিযানের সূচনা করবেন।
- (২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আগামীকাল "সুস্থ নারী, সশক্ত পরিবার" এর রাজ্যভিত্তিক জিবি হাসপাতাল প্রাঙ্গণে অভিযানের সূচনা করবেন।
- (৩) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ প্রজ্ঞাভবনে রাজ্য ভিত্তিক ওরিয়েন্টেশন কর্মসূচির সূচনা ও স্টেট প্রসেস ল্যাবের উদ্বোধন করেন।
- (৪) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ নতুনদিল্লিতে মাদকবিরোধী টাঙ্ক ফোর্স, ANTF-এর রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের প্রধানদের দ্বিতীয় জাতীয় সম্মেলনের উদ্বোধন করেছেন।

Swasth Nari, Sashakt Parivar:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল 'সুস্থ নারী, সশক্ত পরিবার' অভিযানের সূচনা করবেন। এই অভিযানের অঙ্গ হিসেবে দেশব্যাপী স্বাস্থ্য শিবিরের আয়োজন, ৮ম রাষ্ট্রীয় পোষণ মাসের উদ্বোধন এবং গর্ভবতী মহিলাদের প্রধানমন্ত্রী মাতৃ বন্দনা যোজনার অধীনে সুবিধা প্রদান করা হবে। ভারত জুড়ে মহিলা, কিশোরী এবং শিশুদের স্বাস্থ্যসেবা এবং পুষ্টি পরিষেবা জোরদার করার ক্ষেত্রে এটি একটি গ্রিতিহাসিক পদক্ষেপ। 'সুস্থ নারী, সশক্ত পরিবার অভিযান'

২০৪৭ সালের মধ্যে স্বাস্থ্য, পুষ্টি, সুস্থতা এবং একটি বিকশিত ভারতের জন্য প্রধানমন্ত্রীর দৃষ্টিভঙ্গিকে এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে কাজ করবে। অভিযান চলবে দোসরা অক্টোবর পর্যন্ত। ভিডিও কনফারেন্সের মাধ্যমে প্রধানমন্ত্রীর উদ্বোধনী অনুষ্ঠান উপলক্ষে আগামীকাল আগরতলা সরকারি মেডিক্যাল কলেজ ও জিবি হাসপাতাল প্রাঙ্গণে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। এই অনুষ্ঠানেই মুখ্যমন্ত্রী "সুস্থ নারী, সশক্ত পরিবার" এর রাজ্যভিত্তিক অভিযানের সূচনা করবেন।

Adi Karmayogi Abhiyan, CM:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন আদি কর্মযোগী অভিযান হচ্ছে সেবা, সমর্পন এবং সংকল্পের দ্বারা বিকশিত ভারত তৈরী করার লক্ষ্যে একটি অভিযান। পাশাপাশি জনজাতীয় গোরব বর্ষের অংশ হিসেবে আদি কর্মযোগী অভিযান জনজাতি সম্প্রদায়ের ক্ষমতায়ন, স্বশাসন নিশ্চিতকরণ এবং স্থানীয় নেতৃত্বকে উৎসাহিত করে বিকশিত ভারত -২০৪৭ কে এগিয়ে নিয়ে যাওয়ার মাধ্যম। আজ আগরতলার প্রজ্ঞা ভবনে রাজ্য ভিত্তিক ওরিয়েন্টেশন কর্মসূচির সূচনা ও স্টেট্ৰি প্রসেস ল্যাবের উদ্বোধন করে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, দেশব্যাপী ১লক্ষ জনজাতি অধুঃষিত গ্রামে, ৫৫০টি জেলা এবং ৩ হাজার ক্লকে জনজাতি মানুষের জীবন পরিবর্তন করার লক্ষ্যে ২০ লক্ষ প্রশিক্ষিত ক্যাডার তৈরি করা এই অভিযানের উদ্দেশ্য। তিনি বলেন এই অভিযানকে বাস্তবায়িত করে তুলতে তিনি প্রকারের প্রশিক্ষিত ক্যাডার যেমন আদি কর্মযোগি, আদি সহযোগী এবং আদি সাথী তৈরি করা হবে। প্রতিটি জনজাতি অধুঃষিত গ্রামে একটি একক পরিষেবা কেন্দ্র তথা আদি সেবা কেন্দ্র স্থাপন করা হবে। স্থানীয় চাহিদা পূরণের জন্য জনজাতি গ্রামগুলিতে সেবার সময় এবং সেবা দিবসের মতো উদ্যোগ গুলিরও আয়োজন করা হবে। তিনি

বলেন ত্রিপুরায় এই অভিযানের মধ্য দিয়ে আটজন স্টেট মাস্টার ট্রেইনার, ৪০ জন ডিস্ট্রিক্ট মাস্টার ট্রেনার, ২৬০ জন ব্লক মাস্টার ট্রেনার এবং ধরতি আবা জনজাতীয় গ্রাম উৎকর্ষ অভিযানের আওতাধীন প্রতিটি গ্রামে ১৫ জন উন্নয়ন কর্মী প্রশিক্ষিত হবেন। যার মাধ্যমে জনজাতি অধৃতিতে ৩৯২টি রাজস্ব গ্রামে প্রায় ৮ লক্ষ জনজাতিগোষ্ঠী প্রভাবিত হবে। তিনি বলেন, ডিস্ট্রিক্ট মাস্টার ট্রেনারদের জন্য স্টেট প্রসেস ল্যাবে চারদিনের আবাসিক প্রশিক্ষণ আজ থেকে ১৯ সেপ্টেম্বর পর্যন্ত অনুষ্ঠিত হবে।

তাছাড়া ডিস্ট্রিক্ট প্রসেস ল্যাবগুলিতে ২৩ থেকে ২৫ সেপ্টেম্বরের মধ্যে ব্লক ও রিয়েন্টেশন তথা কর্মশালা এবং ক্লাস্টার ভিলেজ কর্মশালার আয়োজন করা হবে। তিনি বলেন সকল জেলায় এই অভিযানের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে আগামীকাল থেকে ২রা অক্টোবর পর্যন্ত সকল ধরতি আবা জনজাতীয় গ্রাম উৎকর্ষ অভিযানের অন্তর্গত গ্রামগুলিতে সেবা পর্ব অনুষ্ঠিত হবে।

#####CM Byte#####

Preparatory meeting on Seva Pakhwada:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির জন্মদিন উপলক্ষে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডঃ মানিক সাহা আগামীকাল আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে রাজ্য ভিত্তিক স্বচ্ছতাই সেবা শীর্ষক অনুষ্ঠানে র সূচনা করবেন। অনুষ্ঠানকে সার্বিকভাবে সফল করার লক্ষ্যে আগরতলা পুর নিগমের উদ্যোগে আজ এক সভা অনুষ্ঠিত হয়। পুর নিগমের মেয়র দীপক মজুমদার জানিয়েছেন, আগামীকাল থেকে ২রা অক্টোবর পর্যন্ত সেবা পক্ষে, দলের পক্ষ থেকে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। আগরতলা পুর নিগম এলাকায় কর্মসূচি সঠিকভাবে বাস্তবায়ন করার লক্ষ্যেই আজ বৈঠক করা হয়। মেয়র জানান আগামীকালের অনুষ্ঠানে আগরতলা পুর

নিগম এলাকার সাফাই কর্মীদের রাজ্য সরকারের তরফ থেকে সংবর্ধিত করা হবে।

GST REFORMS :

সম্প্রতি জিএসটি কাউন্সিল নাগরিকদের জীবনযাত্রা সহজ করার জন্য বিভিন্ন ক্ষেত্রে করের হার হ্রাস করো আজ, কর ছাড়ের ফলে মৎস্য ক্ষেত্রের বিভিন্ন সংস্কার গুলিতে আলোকপাত করছেন কৃষিবিদ্যার সহ অধ্যাপক অভিজিৎ সাহা।

#####Abhijit Saha Byte#####

Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#####Sound Byte#####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ড্রিউ. ড্রিউ. ড্রিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্ম-এ এ-আই-আর-নিউজ-গ্রেলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

Amit Shah-National ANTF conference:

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ নতুনদিল্লিতে মাদকবিরোধী টাঙ্ক ফোর্স, ANTF-এর রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের প্রধানদের দ্বিতীয় জাতীয় সম্মেলনের উদ্বোধন করেন। অন্যান্য সরকারি বিভাগের অংশীদারদের পাশাপাশি মাদকবিরোধী টাঙ্ক ফোর্সের ৩৬টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের প্রধানরাও এই সম্মেলনে যোগ দিয়েছেন। দু'দিনের এই সম্মেলন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মাদকমুক্ত ভারতের প্রতিশ্রুতিকে আরও জোরদার করার এবং এই লক্ষ্য অর্জনে রূপরেখা তৈরির জন্য একটি কৌশলগত মঞ্চ হিসেবে কাজ করবে। অনুষ্ঠানে শ্রী শাহ জানান, বর্তমানে দেশের ৩৭২টি জেলায় মাদকমুক্ত ভারত অভিযান পরিচালিত হচ্ছে। দশ কোটি মানুষ এবং তিন লক্ষ শিক্ষা প্রতিষ্ঠান এই অভিযানে যুক্ত। মন্ত্রী বলেন, দেশের প্রতিটি জেলায় এই অভিযান পরিচালনা করা উচিত এবং সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানকে এর সাথে যুক্ত করতে হবে। শ্রী শাহ আরও বলেন, মাদকের বিরুদ্ধে লড়াই সফল করতে কেন্দ্র ও রাজ্য সরকারের সমস্ত বিভাগকে একযোগে কাজ করতে হবে।

#####Amit Shah Byte#####

Swasth Nari, Sashakt Parivar:

নারীদের রোগপ্রতিরোধমূলক স্বাস্থ্যপরিষেবা শক্তিশালী করতে → সুস্থ নারী, সশক্ত পরিবার" অভিযান রাজ্যও শুরু হচ্ছে। এখন শুনবেন এই নিয়ে একটি প্রতিবেদন.....

#####V/C#####

Special Series-SevaParv:episode-Namami Gange:

সেবা ও সুশাসন অর্থাৎ জনসেবা ও সুশাসনের মন্ত্র পরিচালিত, প্রধানমন্ত্রী

নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন সরকার রূপান্তর ও অগ্রগতির লক্ষ্যে নিরলসভাবে কাজ করে চলেছে। আজ, এই বিশেষ ধারাবাহিক - "সেবা পর্ব" আমরা আপনাদের সামনে তুলে ধরছি, কীভাবে মোদী সরকার 'নমামি গঙ্গে অভিযান' - এর মাধ্যমে আমাদের পবিত্র গঙ্গার রূপান্তরণ সম্ভব করে তুলেছে ...

V/O
